# উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব

উপজেলা: জেলা:

# গঠনতন্ত্র

২৮-৬-১৫
ড. মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্লাব অফিসের ঠিকানা

# গঠনতন্ত্র

**ধারা নং-০১: সংস্থার নাম**

উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব, ................................. ।

**ধারা নং-০২: সংস্থার ঠিকানা**

(প্রাথমিকভাবে উপজেলা সদরের যে কোন সরকারি/বেসরকারি মহাবিদ্যালয় বা বিদ্যালয়ে এ ক্লাবের কার্যালয় থাকবে। পরবর্তীতে ক্লাবের সংগতি অনুযায়ী নিজস্ব জমিতে/ভবনে ক্লাবের কার্যালয় স্থাপন করা হবে)

**ধারা নং-০৩: সংস্থার কর্ম এলাকা**

................................ উপজেলার সম্পূর্ণ এলাকাই এ ক্লাবের কার্য এলাকা বিবেচিত হবে। তবে ক্লাব উপজেলার যে কোন স্থানে উহার শাখা স্থাপন করতে পারবে। সে ক্ষেত্রে ক্লাব একটি কেন্দ্রীয় ক্লাব বা 'ক' শ্রেণির ক্লাব হিসেবে বিবেচিত হবে এবং শাখা ক্লাব 'খ' শ্রেণির ক্লাব হিসেবে বিবেচিত হবে।

**ধারা নং-০৪: সংস্থার উদ্দেশ্য**

(১) উপজেলার জনসাধারণকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে সচেতন করে গড়ে তোলার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা;

(২) উপজেলার সকল পর্যায়ের নাগরিকগণকে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বাস্তব ধারণা প্রদান এবং সর্বস্তরের বিজ্ঞান ও প্রযুক্তিকে জনপ্রিয় করে তোলা;

(৩) জনসাধারণকে কৃষি, স্বাস্থ্যসহ দৈনন্দিন জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহারে উৎসাহ প্রদান করা এবং এতদসংক্রান্ত বিষয়ে স্থানীয় সমস্যা চিহ্নিত করে ক্লাবের মাধ্যমে সমাধানে বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করা;

(৪) শিশু কিশোর তরুণসহ উদ্যোগী সকলকে বিজ্ঞান ও প্রযুক্তিধর্মী উদ্ভাবনীমূলক কাজে সার্বিক সহযোগিতা ও উৎসাহ প্রদান করা;

(৫) বিজ্ঞান মেলা, বিজ্ঞান প্রদর্শনী, বিজ্ঞান বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী এবং বিজ্ঞান বিষয়ক বিতর্ক প্রতিযোগিতাসহ নানাবিধ প্রতিযোগিতার আয়োজন করা;

(৬) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে কৃতি ব্যক্তিদের উৎসাহ ও পুরস্কৃত করা;

(৭) বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক বিভিন্ন আলোচনা সভার আয়োজন করা এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে বিভিন্ন প্রকাশনার ব্যবস্থা করা;

(৮) বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে শিশু-কিশোরদের মেধা বিকাশের সহায়তার জন্য স্থানীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান গবেষণাগার এবং লাইব্রেরী প্রতিষ্ঠা করা;

(৯) সৌরজগত তথা মহাকাশ বিষয়ে জনসাধারণের মধ্যে আগ্রহ ও উদ্দীপনা সৃষ্টি করা;

(১০) বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক উন্নয়নের জন্য বিভিন্ন প্রকার সেবামূলক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;

(১১) উপজেলার অন্তর্গত বিভিন্ন বিজ্ঞান ক্লাবকে শাখা ক্লাব হিসেবে তালিকাভূক্তকরণ কিংবা শাখা ক্লাব স্থাপন এবং শাখা ক্লাবসমূহকে বিভিন্ন সহযোগিতা ও উৎসাহ প্রদান এবং সকল ক্লাবের মধ্যে পারস্পরিক সমন্বয় সাধনের মাধ্যমে উপজেলায় বিজ্ঞানের অগ্রযাত্রা ত্বরান্বিত করা;

(১২) উপজেলায় বিজ্ঞান বিষয়ক সরকারি নীতিমালার সুষ্ঠু বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করা;

(১৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সহযোগিতায় ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা এবং

(১৪) জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের কার্যক্রমে অংশগ্রহণ।

**ধারা নং-০৫: সদস্য পদ**

ক) **যোগ্যতা**

উপজেলায় কর্মরত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারী, উপজেলাস্থ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিষয়সমূহের শিক্ষক এবং নবম থেকে স্নাতকোত্তর শ্রেণি পর্যন্ত অধ্যয়নরত ছাত্র-ছাত্রী এবং উপজেলায় অবস্থানরত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ বা উৎসাহী অপেশাদার উদ্ভাবক ও প্রযুক্তিবিদগণ সংস্থার সদস্য হওয়ার যোগ্য হবেন।

খ) **এই প্রতিষ্ঠানের ৪(চার) ধরনের সদস্য থাকবে–**

(১) পদাধিকার বলে সদস্য (২) সাধারণ সদস্য (৩) আজীবন সদস্য (৪) তালিকাভুক্ত শাখা বিজ্ঞান ক্লাবের সদস্য।

**(১) পদাধিকারবলে সদস্য**

উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলায় কর্মরত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক দপ্তরসমূহের প্রধানগণ, পৌরসভার মেয়র, ইউনিয়ন পরিষদ সমূহের চেয়ারম্যানগণ, উপজেলার আওতাধীন সরকারি মহাবিদ্যালয় ও বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণ।

**(২) সাধারণ সদস্য**

সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত আগ্রহী কর্মকর্তা/কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিষয়সমূহের শিক্ষকগণ, উপজেলায় বসবাসরত নবম থেকে স্নাতকোত্তর পর্যন্ত অধ্যয়নরত বিজ্ঞান বিষয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ, উপজেলায় বসবাসরত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ ও উৎসাহী অপেশাদার উদ্ভাবক ও প্রযুক্তিবিদগণ।

**(৩) তালিকাভুক্ত শাখা বিজ্ঞান ক্লাবের প্রতিনিধি সদস্য**

উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব যদি উপজেলার অন্য কোন স্থানে প্রতিষ্ঠিত কোন বিজ্ঞান ক্লাবকে তালিকাভুক্ত করে তবে উক্ত তালিকাভুক্ত ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক বা উক্ত ক্লাবের কার্যনির্বাহী পরিষদের ২ জন মনোনীত সদস্য।

**(৪) আজীবন সদস্য**

কোন ব্যক্তি আজীবন সদস্য চাঁদা প্রদান করে আজীবন সদস্যপদ গ্রহণ করলে উক্ত ব্যক্তি আজীবন সদস্য হিসেবে বিবেচিত হবেন। উল্লেখ্য পূর্বে তার সাধারণ সদস্যপদ থাকলে সেটি বাতিল বলে গণ্য হবে।

**ধারা নং-০৬: সদস্যপদ লাভের পদ্ধতি**

**ক) সাধারণ সদস্য**

সংস্থার সদস্যপদ লাভের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে সভাপতি বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আবেদনপত্রটি যদি কার্যনির্বাহী পরিষদ সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদ্যদের সমর্থনে অনুমোদিত হয় তবে তিনি সংস্থার নির্ধারিত ভর্তি ফি প্রদান করে সদস্যপদ লাভ করতে পারবেন।

**খ) আজীবন সদস্য**

কোন ব্যক্তি আজীবন সদস্য হবার জন্য সভাপতি বরাবরে নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। দাখিলকৃত আবেদনপত্র কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হলে আবেদনকারী কার্যনির্বাহী পরিষদ কর্তৃক ধার্যকৃত চাঁদা এককালীন জমা দিয়ে আজীবন সদস্যপদ লাভ করতে পারবেন। ক্লাব প্রতিষ্ঠায় বা ক্লাবের কার্যক্রমে বিশেষ অবদান রাখার জন্য কার্যনির্বাহী কমিটি বিশেষ কোন ব্যক্তিকে আজীবন সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন।

**ধারা নং-০৭: সদস্যপদ স্থগিত ও বাতিল**

নিম্নবর্ণিত কারণে কোন সদস্যের সদস্যপদ কার্যনির্বাহী পরিষদ কর্তৃক স্থগিত/বাতিল করা যেতে পারে-

ক) গঠনতন্ত্র ও সংস্থার স্বার্থ পরিপন্থী কোন কাজ করলে;
খ) বাৎসরিক চাঁদা এক বৎসরের বেশি বকেয়া থাকলে;
গ) পর পর ৩(তিন) টি সভায় পূর্বানুমতি ছাড়া অনুপস্থিত থাকলে;
ঘ) স্বেচ্ছায় পদত্যাগ করলে;
ঙ) মস্তিষ্ক বিকৃতি ঘটলে বা মৃত্যুবরণ করলে এবং
চ) কোন উপযুক্ত ফৌজদারী আদালত কর্তৃক বিচারের মাধ্যমে কারাদণ্ডে দণ্ডিত হলে।

২৫.৬.১৫
ড. মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ধারা নং-০৮: সদস্যপদ বাতিলের পদ্ধতি**

কোন সদস্যের বিরুদ্ধে ৭নং ধারায় বর্ণিত যে কোন বিষয়ে লিখিত অভিযোগ উত্থাপিত হলে কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থিত সদস্যদের ২/৩ অংশের সিদ্ধান্ত মোতাবেক সদস্যপদ স্থগিত বা বাতিল হবে। তবে শর্ত থাকে যে, সদস্যপদ স্থগিতের পূর্বে বিষয়টির সঠিকতা নির্ধারণ করতে হবে এবং তাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

**ধারা নং-০৯: সদস্যপদ পুনর্বহাল**

সদস্যপদ পুনর্বহালের জন্য বাতিলকৃত সদস্য লিখিতভাবে সভাপতির নিকট আবেদন জানাবেন। কার্যনির্বাহী পরিষদের ২/৩ অংশের সিদ্ধান্তে সদস্যপদ পুনর্বহাল করা যাবে। সদস্যপদ পুনর্বহাল হলে পুনরায় ভর্তি ফি প্রদান করতে হবে।

**ধারা নং-১০: উপদেষ্টা পরিষদ**

নিম্নোক্ত ব্যক্তিদের সমন্বয়ে উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের একটি উপদেষ্টা পরিষদ থাকবে।

**প্রধান উপদেষ্টা:** স্থানীয় মাননীয় সংসদ সদস্য।

**উপদেষ্টা**

১। জেলা প্রশাসক
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
৩। সিভিল সার্জন
৪। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
৫। জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা
৬। জেলা মৎস্য কর্মকর্তা
৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
৮। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১০। অধ্যক্ষ, স্থানীয় সরকারি মহাবিদ্যালয় (উপজেলায় সরকারি মহাবিদ্যালয় থাকলে)
১১। উপজেলার প্রথিতযশা বিজ্ঞানী/প্রযুক্তিবিদ
১২। অবসরপ্রাপ্ত অধ্যাপক বা বিজ্ঞান শিক্ষক–

উপজেলা নির্বাহী অফিসার উপদেষ্টা পরিষদের সাচিবিক সহায়তা দিবেন এবং মাননীয় সংসদ সদস্যের সাথে পরামর্শ করে উপজেলার প্রথিতযশা বিজ্ঞানী/প্রযুক্তিবিদ/অবসরপ্রাপ্ত বিজ্ঞানের অধ্যাপক/শিক্ষকের নাম অন্তর্ভুক্ত করে বিজ্ঞপ্তি জারী করবেন।

**ধারা নং-১১: সাংগঠনিক কাঠামো**

এ প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ২(দুই)টি পরিষদ থাকবে (ক) সাধারণ পরিষদ (খ) কার্যনির্বাহী পরিষদ।

(ক) সাধারণ পরিষদ: গঠন, দায়িত্ব ও ক্ষমতা

প্রতিষ্ঠানের সাধারণ সদস্যদের সমন্বয়ে এই পরিষদ গঠিত হবে। বৎসরে কমপক্ষে ১(এক) বার এ পরিষদের সভা অনুষ্ঠিত হবে। সংখ্যাগরিষ্ট সদস্যের সমর্থনে সিদ্ধান্ত অনুমোদিত হবে। কার্যনির্বাহী পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক এ পরিষদের সভাপতি ও সাধারণ সম্পাদক হবেন।

**দায়িত্ব ও ক্ষমতা: এ পরিষদ–**

১। প্রতিষ্ঠানের সর্বময় ক্ষমতার অধিকারী হবে;
২। ইহা গঠনতন্ত্র অনুমোদন, ধারা-উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও সংশোধন করবে;
৩। কার্যনির্বাহী পরিষদ গঠন করবে;
৪। বার্ষিক বাজেট, বার্ষিক কার্যবিবরণী এবং আয়-ব্যয়ের হিসাব অনুমোদন করবে এবং
৫। কার্যনির্বাহী পরিষদ কোন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে অসমর্থ হলে সাধারণ পরিষদ সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(খ) **কার্যনির্বাহী পরিষদ।**

| | |
|---|---|
| (১) সভাপতি– উপজেলা নির্বাহী কর্মকর্তা পদাধিকার বলে সভাপতি হবেন | - ১টি পদ (নির্ধারিত ১ জন) |
| (২) সহ-সভাপতি (স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক উপজেলায় কর্মরত বিজ্ঞান বিষয়ক দপ্তরসমূহের প্রধানদের মধ্য থেকে ১ জন মনোনীত এবং ১ জন নির্বাচিত। নির্বাচিত সহ-সভাপতি ১নং সহ-সভাপতি হিসেবে গণ্য হবে) | - ২টি পদ |
| (৩) সাধারণ সম্পাদক | - ১টি পদ (নির্বাচিত) |
| (৪) যুগ্ম সম্পাদক | - ১টি পদ (নির্বাচিত) |
| (৫) কোষাধ্যক্ষ | - ১টি পদ (নির্বাচিত) |
| (৬) দপ্তর সম্পাদক | - ১টি পদ (নির্বাচিত) |
| (৭) প্রচার ও প্রকাশনা সম্পাদক | - ১টি পদ (নির্বাচিত) |
| (৮) সম্পাদক (পদার্থ বিজ্ঞান) | - ১টি পদ (নির্বাচিত) |
| (৯) সম্পাদক (গণিত) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১০) সম্পাদক (রসায়ন) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১১) সম্পাদক (জীব বিজ্ঞান) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১২) সম্পাদক (কৃষি বিজ্ঞান) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১৩) সম্পাদক (ভূগোল ও পরিবেশ) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১৪) সম্পাদক (স্বাস্থ্য সেবা) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১৫) সম্পাদক (ক্রীড়া, সাংস্কৃতিক ও কল্যাণ) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১৬) সম্পাদক (আইসিটি) | - ১টি পদ (নির্বাচিত) |
| (১৭) কার্যনির্বাহী সদস্য ৬ জন(৩ জন স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত এবং ৩ জন নির্বাচিত) | - ৬টি পদ (৩টি নির্বাচিত) |
| মোট | : ২৩ টি পদ |

মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দায়িত্বঃ কার্যনির্বাহী পরিষদের মেয়াদ দায়িত্ব গ্রহণের পর থেকে ২ বছর।

এ পরিষদের দায়িত্ব নিম্নরূপ–

১। ক্লাবের নীতি নির্ধারণী দায়িত্ব পালন করা;

২। বাৎসরিক বাজেট, বার্ষিক কার্যবিবরণী তৈরি করা এবং অনুমোদনের জন্য সাধারণ পরিষদে উপস্থাপন করা;

৩। ঘোষিত বাজেটের অর্থ সংগ্রহে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা;

৪। প্রতিষ্ঠানের উদ্দেশ্য ও লক্ষ্যকে বাস্তব রূপদানের জন্য বিভিন্ন কর্মপন্থা নির্ধারণ, কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা এবং

৫। প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যাবলী সম্পাদন।

**ধারা নং-১২ঃ কার্যনির্বাহী পরিষদের সদস্যদের দায়িত্ব ও কর্তব্য**

**সভাপতি**

ক) তিনি ক্লাবের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করবেন;

খ) তিনি সকল সভায় সভাপতিত্ব করবেন;

গ) তার স্বাক্ষরে সকল পরিষদের সভার সিদ্ধান্তাবলী প্রচারিত হবে;

ঘ) সিদ্ধান্ত গ্রহণ সমতামূলক যে কোন বিষয়ে নির্ণায়ক ভোটের মাধ্যমে চূড়ান্ত নিষ্পত্তি করতে পারবেন;

ঙ) তিনি সংস্থার পক্ষে যাবতীয় চুক্তিপত্র স্বাক্ষর করবেন;

চ) তিনি সাধারণ সম্পাদকের সঙ্গে যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করবেন;

ছ) তিনি ক্লাবের পক্ষে বিভিন্ন দপ্তরে যোগাযোগের কার্য সম্পাদন করবেন;

জ) তিনি ক্লাবের তাৎক্ষণিক প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদনের ব্যবস্থা নিবেন।

ঝ) সভাপতি তার এখতিয়ারাধীন কোন দায়িত্ব পালনের জন্য যে কোন কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

**সহ-সভাপতি**

ক) তিনি যাবতীয় কাজে সভাপতিকে সহযোগিতা করবেন;

খ) সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিগণ ক্রমানুসারে সভাপতির সকল দায়িত্ব পালন করবেন। তবে ব্যাংক হিসাব পরিচালনা করতে পারবেন না।

**সাধারণ সম্পাদক**

ক) তিনি ক্লাবের সাচিবিক দায়িত্ব পালন করবেন;

খ) তিনি ক্লাবের কার্যক্রম বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবেন;

গ) যাবতীয় রেকর্ড পত্রাদি, দলিল সংরক্ষণ এবং সম্পদের তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন;

ঘ) বার্ষিক বাজেট ও কার্যবিবরণী তৈরি করবেন;

ঙ) তিনি সভাপতির অনুমতিক্রমে সকল পরিষদের সভা আহবান করবেন;

চ) তিনি কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তক্রমে কর্মকর্তা, কর্মচারী নিয়োগ, পদত্যাগ, পুনর্বহাল, বরখাস্ত, চাকুরীর শর্তাবলী, দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করবেন;

ছ) তিনি ক্লাবের প্রধান সমন্বয়কারী হবেন;

জ) তিনি সভাপতির সঙ্গে যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালনা করবেন।

**যুগ্ম-সম্পাদক**

ক) তিনি সকল কাজে সাধারণ সম্পাদককে সহযোগিতা করবেন;

খ) সাধারণ সম্পাদকের অনুপস্থিতিতে তিনি সাধারণ সম্পাদকের সকল দায়িত্ব পালন করবেন;

গ) অন্য কোন সম্পাদকের পদ শূন্যতা জনিত কারণে অন্তবর্তীকালীন সময়ের জন্য উক্ত দায়িত্ব পালন করবেন।

ড. মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কোষাধ্যক্ষ**

ক) অর্থ সংক্রান্ত নথিপত্র ভাউচারাদি সংরক্ষণ করবেন;

খ) সকল অর্থ রশিদের মাধ্যমে গ্রহণ করবেন এবং প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে জমা করবেন;

গ) বার্ষিক বাজেট ও বার্ষিক হিসাব বিবরণী তৈরি করতে সাধারণ সম্পাদককে সহযোগিতা করবেন;

ঘ) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত পরিমাণ অর্থ নগদ হিসাবে সংরক্ষণ করতে পারবেন;

ঙ) তিনি অর্থ সংক্রান্ত বিষয়ে কার্যনির্বাহী পরিষদে ব্যাখ্যা প্রদান করবেন।

**দপ্তর সম্পাদক**

ক) তিনি দপ্তর পরিচালনার জন্য দায়ী থাকবেন;

খ) তিনি দাপ্তরিক সকল খাতাপত্র, রেকর্ড ও রেজিষ্টার সংরক্ষণ করবেন;

গ) দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম তত্ত্বাবধান করবেন।

**প্রচার ও প্রকাশনা সম্পাদক**

ক) তিনি ক্লাবের বিভিন্ন প্রকার প্রচার কার্যক্রম এবং প্রকাশনার দায়িত্ব পালন করবেন;

খ) বিভিন্ন প্রকাশনা কাজে সভাপতি ও সাধারণ সম্পাদককে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন।

সম্পাদক(পদার্থ বিজ্ঞান/গণিত/রসায়ন/জীব বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/ভূগোল ও পরিবেশ/আইসিটি/ স্বাস্থ্য সেবা/ক্রীড়া, সাংস্কৃতিক ও কল্যাণ)

ক) স্ব-স্ব ইউনিটের ব্যবস্থাপনায় সার্বিক দায়িত্ব পালন করবেন;
খ) তিনি বিজ্ঞান বিষয়ক উৎসাহ সৃষ্টিতে কর্মসূচি প্রণয়ন ও উপস্থাপনের দায়িত্ব পালন করবেন;
গ) গঠনতন্ত্রের ধারায় বর্ণিত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে সাধারণ সম্পাদককে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সহযোগিতা করবেন।

কার্যনির্বাহী সদস্য

ক) কার্যনির্বাহী পরিষদের সকল কার্যক্রমে সহযোগিতা করবেন;
খ) কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করবেন।

**ধারা নং-১৩: সভা আহ্বান**

ক) কমপক্ষে ১৫(পনের) দিনের বিজ্ঞপ্তিতে সাধারণ পরিষদের সভা এবং কার্যনির্বাহী পরিষদের সভা কমপক্ষে ০৭ (সাত) দিনের বিজ্ঞপ্তিতে আহ্বান করতে হবে;
খ) জরুরী সভা সাধারণ পরিষদের ক্ষেত্রে ০৭(সাত) দিন এবং নির্বাহী পরিষদের ক্ষেত্রে ০৩ (তিন) দিনের বিজ্ঞপ্তিতে আহ্বান করতে হবে;
গ) অতি জরুরী সভা সাধারণ পরিষদের ক্ষেত্রে ০৩(তিন)দিন এবং কার্যনির্বাহী পরিষদের ক্ষেত্রে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে অনুষ্ঠিত হবে।

**ধারা নং-১৪: সভার কোরাম**

এক-চতুর্থাংশ সদস্যের উপস্থিতিতে ঐ পরিষদের সভার কোরাম পূর্ণ হবে।

**ধারা নং-১৫: মূলতবী সভা**

মূলতবী সভার ক্ষেত্রে সভাপতি সে সভাতেই অথবা পরবর্তীতে নোটিশের মাধ্যমে সভার তারিখ জানিয়ে দিবেন। মূলতবী সভায় পূর্ববর্তী আলোচ্য বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হবে এবং কোরামের প্রয়োজন হবে না।

**ধারা নং-১৬: তলবী সভা**

দীর্ঘদিন যাবৎ সভাপতি বা সাধারণ সম্পাদক ইচ্ছাকৃতভাবে সভা আহ্বান না করলে কিংবা সাধারণ সম্পাদকের কোন কাজে ক্লাবের ক্ষতির সম্ভাবনা সৃষ্টি হলে সংস্থার ১/৩ অংশ সাধারণ পরিষদের সদস্য লিখিতভাবে প্রথমে সাধারণ সম্পাদকের বরাবরে সাধারণ পরিষদের সভা আহ্বানের জন্য অনুরোধ জানাবেন। আবেদনের ০৭ (সাত) দিনের মধ্যে সাধারণ সম্পাদক সভা আহ্বানে ব্যর্থ হলে অনুরূপভাবে সভাপতি বরাবরে আবেদন করতে হবে। আবেদনের ০৭ (সাত) দিনের মধ্যে সভাপতি সভা আহবানে ব্যর্থ হলে আবেদনকারীগণ একজনকে আহ্বায়ক করে সাধারণ পরিষদের সভা আহ্বান করতে পারবেন। এ ক্ষেত্রে সাধারণ পরিষদের ২/৩ অংশ সদস্যের সমর্থনে গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**ধারা নং-১৭: নির্বাচন বিধি**

কার্যনির্বাহী পরিষদের মেয়াদ শেষ হওয়ার ০৩(তিন) মাস আগে কার্যনির্বাহী পরিষদের সভা আহ্বান করতে হবে এবং ঐ সভায় নির্বাচন পরিচালনার জন্য সদস্যগণের একজনকে প্রধান করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করতে হবে। নির্বাচনের প্রতিদ্বন্দ্বী কোন প্রার্থী এর সদস্য হতে পারবেন না। তবে প্রথম কার্যনির্বাহী কমিটির সকল সদস্য উপজেলা নির্বাহী অফিসার তথা উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের সভাপতি কর্তৃক মনোনীত আকারে গঠিত হবে। প্রথম কার্যনির্বাহী পরিষদ গঠনতন্ত্র মোতাবেক সাধারণ পরিষদ গঠন করবেন।

**ধারা নং-১৮: নির্বাচন কমিশনের দায়িত্ব**

ক) নির্বাচনের তফসিল প্রণয়ন ও প্রকাশ করা;
খ) ভোটার তালিকা প্রণয়ন করা;
গ) গোপন ভোটের মাধ্যমে ভোট গ্রহণ ও ফলাফল প্রকাশ করা;
ঘ) নির্বাচনের চূড়ান্ত ফলাফল ঘোষণার সাথে সাথে নির্বাচন কমিশনের বিলুপ্তি ঘটবে।

২৫.৬.২২
ড. মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ধারা নং-১৯: নির্বাচনী আপিল**

(১) ভোটার তালিকা প্রণয়ন, মনোনয়নপত্র বাছাই, নির্বাচন অনুষ্ঠান বা নির্বাচনী ফলাফল বিষয়ে কোন সংক্ষুব্ধ পক্ষ সংশ্লিষ্ট কার্যক্রম নিষ্পন্নের ৩(তিন) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের নিকট আপিল করতে পারবে। উপজেলা নির্বাহী অফিসার আপিল আবেদন প্রাপ্তির ৩(তিন) কার্যদিবসের মধ্যে পক্ষদের শুনানী নিয়ে আপিল নিষ্পত্তি করবেন।

(২) উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তে কোন পক্ষ সংক্ষুব্ধ হলে সিদ্ধান্ত প্রদানের ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তের প্রত্যায়িত নকলসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আপিল দায়ের করা যাবে এবং জেলা প্রশাসক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে পক্ষদের শুনানী গ্রহণ করে তার সিদ্ধান্ত প্রদান করবেন। জেলা প্রশাসকের সিদ্ধান্তই নির্বাচনী কার্যক্রম বিষয়ে চূড়ান্ত বলে গণ্য হবে।

**ধারা নং-২০: ভোটার:**

সকল সাধারণ, আজীবন ও তালিকাভুক্ত বিজ্ঞান ক্লাবের প্রতিনিধি সদস্য ভোটার হিসেবে বিবেচিত হবেন। তবে সদস্য পদের মেয়াদ তফসিল ঘোষণার তারিখে ০১(এক) মাস পূর্ণ না হলে অথবা নির্বাচন তফসিল ঘোষণার পূর্ব পর্যন্ত সদস্য চাঁদা পরিশোধ না করলে ভোটার হিসেবে গণ্য হবে না।

**ধারা নং-২১: এডহক কমিটি**

নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ গঠন না হওয়া পর্যন্ত অথবা কোন কারণে কার্যনির্বাহী পরিষদের মেয়াদ শেষ হলে বা অন্য কোন কারণে বিশেষ প্রয়োজনে প্রয়োজনীয় ক্ষেত্রে ক্লাবের কার্যক্রম পরিচালনার জন্য সাধারণ সদস্যগণের মধ্য থেকে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক এডহক কমিটি গঠিত হবে এবং উক্ত কমিটি যতদ্রুত সম্ভব গঠনতন্ত্র অনুযায়ী নির্বাচন সম্পন্ন করে নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট দায়িত্ব অর্পণ করবেন।

**ধারা নং-২২: আর্থিক বছর গণনা**

০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত অত্র প্রতিষ্ঠানের আর্থিক বছর গণনা করা হবে।

**ধারা নং-২৩: সদস্য ভর্তি ও মাসিক চাঁদা ইত্যাদি নির্ধারণ**

সদস্য ভর্তি ফি, মাসিক চাঁদা, আজীবন সদস্য ফি ও অন্যান্য ফি ও চাঁদা ক্লাবের কার্যনির্বাহী পরিষদ নির্ধারণ করবেন এবং সময়ে সময়ে প্রয়োজনে উক্ত ফি-সমূহ পুনঃনির্ধারণের ব্যবস্থা করবেন।

**ধারা নং-২৪: তহবিলের উৎস**

ক) সদস্যদের ভর্তি ফি, মাসিক চাঁদা ও অনুদান ইত্যাদি;

খ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, স্বেচ্ছাসেবী সংস্থা, ব্যক্তি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাপ্ত বৈজ্ঞানিক উপকরণ ও আর্থিক অনুদান।

**ধারা নং-২৫: তহবিল সংরক্ষণ ও ব্যাংক হিসাব পরিচালনা**

ক) প্রতিষ্ঠানের সমুদয় অর্থ স্থানীয় যে কোন সিডিউল ব্যাংকে প্রতিষ্ঠানের নামে হিসাব খুলে জমা রাখতে হবে;

খ) সভাপতি ও সাধারণ সম্পাদকের যৌথ স্বাক্ষরে ব্যাংকে হিসাব পরিচালিত হবে;

গ) কোষাধ্যক্ষ চেকবই সংরক্ষণসহ ব্যাংক হিসাব তদারকি করবেন।

**ধারা নং-২৬: হিসাব নিরীক্ষা:**

প্রতি বছরের আয়-ব্যয়ের হিসাব উপযুক্ত প্রতিষ্ঠান দ্বারা নিরীক্ষা করাতে হবে।

২৫.১২.২৪
ড. মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ধারা নং-২৭: কার্যনির্বাহী পরিষদের শূন্য পদ পূরণ**

কোন কারণে কার্যনির্বাহী পরিষদের কোন পদ শূন্য হলে অর্ন্তবর্তীকালীন সময়ের জন্য কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্তের মাধ্যমে শূন্য পদ পূরণ করা যাবে।

**ধারা নং-২৮: কর্মকর্তা/কর্মচারী নিয়োগ**

প্রয়োজনীয় ক্ষেত্রে কার্যনির্বাহী পরিষদ উপযুক্ততা যাচাই পূর্বক সংস্থার কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করতে পারবে। কার্যনির্বাহী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সভাপতি নিয়োগাদেশ জারী করবেন এবং নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর বেতন/ভাতা নির্ধারণ করবেন।

**ধারা নং-২৯: গঠনতন্ত্র সংশোধন পদ্ধতি**

অত্র সংস্থার গঠনতন্ত্রের ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, বাতিল ও সংযোজনে কার্যনির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদনের পর সাধারণ পরিষদের উপস্থিত সদস্যগণের ২/৩ অংশের সদস্যের সমর্থিত সিদ্ধান্তে এবং রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তা কার্যকরী হবে।

**ধারা নং-৩০: প্রচলিত বিধি-বিধান অনুসরণ**

এই সংস্থার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এই গঠনতন্ত্রে যে সকল বিষয় বিবৃত হয়নি সে সকল বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন ও বিধি বিধান প্রযোজ্য।

**ধারা নং-৩১: নিবন্ধন**

উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর থেকে আনুষ্ঠানিক নিবন্ধন গ্রহণ করবে এবং উপজেলার অন্যান্য বিজ্ঞান ক্লাবকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর থেকে নিবন্ধন গ্রহণ করতে উৎসাহিত করবে।

**ধারা নং-৩২: পরিদর্শন**

জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব বা তাদের প্রতিনিধি উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের কার্যক্রম পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় বা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মাধ্যমে প্রেরিত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব বাস্তবায়ন করবে।

**ধারা নং-৩৩: বিলুপ্তি, হেফাজত ও রহিতকরণ**

কোন কারণে উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব বিলুপ্ত হলে এর যাবতীয় স্থাবর ও অস্থাবর সম্পত্তি সরকারের নিকট ন্যস্ত হবে

এ গঠনতন্ত্রটি ........../........../২০১৫ ইং তারিখে সাধারণ পরিষদের অধিবেশনে সর্বসম্মতভাবে অনুমোদিত হয়েছে।

স্বাক্ষর: ..................................................

নাম : ..................................................

সাধারণ সম্পাদক

উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব

..................................উপজেলা

স্বাক্ষর: ..................................................

নাম : ..................................................

সভাপতি

উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব

..................................উপজেলা

২৫.৬.১৫

ড. মোঃ গোলাম মোস্তফা
উপ-সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## বিজ্ঞান ক্লাব নিবন্ধীকরণ ফরম

০১। ক) ক্লাবের নাম ঃ

খ) ক্লাবের ডাক যোগাযোগের ঠিকানা ঃ গ্রাম- ডাকঘর-

থানা/উপজেলা- জেলা-

০২। বিজ্ঞান ক্লাবটি কোন শ্রেণীভূক্ত ঃ

ক – শ্রেণী ঃ কেন্দ্রীয় ক্লাব (যার শাখা আছে)

খ – শ্রেণী ঃ শাখা ক্লাব (যা কোন কেন্দ্রীয় ক্লাবের শাখা)

গ – শ্রেণী ঃ একক ক্লাব (যার কোন শাখা নাই):

উল্লেখিত শ্রেণীসমূহের মধ্যে যেটি প্রাসঙ্গিক তা উল্লেখ করুন।

০৩। কেন্দ্রীয় ক্লাবের (শুধুমাত্র " খ " শ্রেণী ক্লাবের জন্য প্রযোজ্য)

ক) নাম ঃ

খ) ডাক যোগাযোগের ঠিকানা ঃ গ্রাম- ডাকঘর-

থানা/উপজেলা- জেলা-

০৪। ক্লাবের কর্মকান্ডের বিস্তারিত প্রতিবেদন(প্রমাণাদিসহ) ঃ

০৫। প্রতিষ্ঠাকাল ঃ

০৬। ক্লাব পরিচালনার সংক্ষিপ্ত নিয়মাবলীঃ (এক কপি গঠনতন্ত্র পাঠাতে হবে)

০৭। ক্লাবের

ক) উপদেষ্টার নাম ও ঠিকানা ঃ

খ) সভাপতি/পরিচালক এর নাম ও ঠিকানা ঃ

গ) সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা ঃ

ঘ) কোষাধ্যক্ষের নাম ও ঠিকানা ঃ

০৮। বর্তমান কার্যকরী সদস্যদের নাম ও ঠিকানা (সংযুক্তি আকারে দিতে হবে) ঃ

০৯। বর্তমান সদস্য সংখ্যা ঃ

১০। শাখা সংখ্যা ঃ (শুধু "ক" শ্রেণীর ক্লাবের জন্য প্রযোজ্য)

(প্রত্যেক শাখার জন্য নাম ও পূর্ণ ঠিকানা পরিশিষ্ট হিসেবে যোগ করতে হবে)

চলমান পাতা –২

১১। ক্লাবের ব্যাংক একাউন্টের নাম ও নম্বর ঃ ..........................................................................

তারিখ ঃ ..........................................................................

ব্যাংকের নাম ও শাখা ..........................................................

(ব্যাংক একাউন্ট ক্লাবের নাম অনুসারে হতে হবে)

১২। ক্লাবের বর্তমান সুযোগ-সুবিধা ঃ

ক) গবেষণাগার (যন্ত্রপাতির তালিকাসহ) ঃ

খ) পাঠাগার(বইয়ের সংখ্যাসহ) ঃ

গ) আসবাবপত্র ঃ

ঘ) প্রকাশনা ঃ

ঙ) অন্যান্য (যদি থাকে) ঃ

১৩। কোন প্রতিযোগিতা বা বৃহত্তর কর্মসূচীতে অংশগ্রহণ করে থাকলে তার বিবরণ ঃ

১৪। বিজ্ঞান ক্লাব নিবন্ধনের জন্য মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-এর অনুকূলে প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের বিবরণ ঃ

ক) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ঃ

খ) ব্যাংক ও শাখার নাম ঃ

গ) টাকার পরিমাণ ঃ

১৫। অতিরিক্ত তথ্য (যদি থাকে)ঃ

১৬। এই মর্মে অঙ্গীকার করছি যে, আমরা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর-এর নিয়মকানুন ও নির্দেশিকা মেনে চলব।

স্বাক্ষর ঃ ......................................

নাম ঃ -------------------------

তারিখ ঃ --------------------------------

ঠিকানা ঃ --------------------------------

ফোন/মোবাইল ফোন নম্বর ঃ

(প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে)

বিঃ দ্রঃ বিজ্ঞান ক্লাব নিবন্ধনের জন্য পালনীয় শর্তাবলীর ৩নং শর্তানুযায়ী প্রত্যয়নপত্র এবং ৭নং শর্তানুযায়ী ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

## বিজ্ঞান ক্লাব নিবন্ধনের জন্য পালনীয় শর্তাবলী (সংশোধিত)

১ নিবন্ধনের জন্য ক্লাবের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। আবেদনের সময় প্রতিষ্ঠাকাল থেকে ক্লাবের কার্যক্রমের উপর একটি তথ্য নির্ভর বাস্তব প্রতিবেদন জমা দিতে হবে।

২। বিজ্ঞান ক্লাব নিবন্ধনের জন্য অফিস/কক্ষে চেয়ার-টেবিল ও আসবাবপত্র থাকতে হবে।

৩ যে-জেলায়/উপজেলায়/পৌরসভায়/ইউনিয়নে বিজ্ঞান ক্লাব প্রতিষ্ঠিত হবে সে জেলার সরকারী/বেসরকারী স্কুলও কলেজের প্রধান/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-এর নিকট থেকে ক্লাবের অস্তিত্ব ও কার্যক্রম সম্পর্কিত প্রত্যয়নপত্র নিতে হবে। প্রত্যয়নপত্র অবশ্যই ক্লাব নিবন্ধনের সময় জমা দিতে হবে।

৪ বিজ্ঞান ক্লাব নিবন্ধনের জন্য ব্যাংক একাউন্ট থাকতে হবে।

৫ বিজ্ঞান ক্লাব নিবন্ধনের সময় আবেদনপত্রের সাথে ক্লাবের সাংগঠনিক কাঠামো/সংবিধান এর ফটোকপি এবং সংস্থার নিয়ম-কানুন ও নির্দেশিকা (প্রযোজ্য ক্ষেত্রে) মেনে চলার বিষয়ে একটি অঙ্গীকারনামা দিতে হবে

৬ বিজ্ঞান ক্লাব যে এলাকায় প্রতিষ্ঠিত / স্থাপিত হবে সে এলাকার বিশ্ববিদ্যালয় শিক্ষক /সরকারী / বেসরকারী স্কুল ও কলেজের প্রধান/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হবেন বিজ্ঞান ক্লাবের উপদেষ্টা।

৭। বিজ্ঞান ক্লাব নিবন্ধনের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার "মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭" এর বরাবরে আবেদন পত্রের সাথে পাঠাতে হবে।

৮। বিজ্ঞান ক্লাব নিবন্ধনের মেয়াদ ৫(পাঁচ) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৯ মন্ত্রণালয় বা সংস্থার যেকোন কর্মকর্তা যেকোন সময় ক্লাব পরিদর্শনে যেতে পারেন।

কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.most.gov.bd

স্মারক নং-৩৯.০৩.০০০০.০০৭.২২.০০৩.১৫-১১০

১৪ আষাঢ় ১৪২২
তারিখ:..................
২৮ জুন ২০১৫

বিষয়: **উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের গঠনতন্ত্র অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: জাদুঘরের স্মারক নং-৩৯.৪০৩.০১১.০১৬.২০১০-৬৬১, তারিখ: ২৭.০৫.২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত ২০১৪ সনের জেলা প্রশাসকগণের বার্ষিক সম্মেলনে প্রতিটি উপজেলায় একটি করে বিজ্ঞান ক্লাব প্রতিষ্ঠার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবের গঠনতন্ত্র এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, অনুমোদিত গঠনতন্ত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (৮ পাতা)

ড. মোঃ গোলাম মোস্তফা
উপসচিব
ফোন: ৯৫১৪৯৯৪
e-mail:section7@most.gov.bd

মহাপরিচালক
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
আগারগাঁও, ঢাকা

অনুলিপি:

১। উপসচিব, অধিশাখা-২, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
২। মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা।